

“শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
(প্রশাসন ও অর্থ শাখা)



স্মারক নং- ৪৯.০১.০০০০.০০২.১১.০০৩.২২.২০৯৩

তারিখ: ৩১/০৮/২০২২।

নিয়োগ বিজ্ঞপ্তি

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র সদর দপ্তরে আইটি শাখার জন্য অস্থায়ীভাবে রাজস্ব বাজেটে সৃজিত ১৩ ও ১৬তম গ্রেডের নিম্নোক্ত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনানুযায়ী কেবল বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইন (Online) এ (<http://bmet.teletalk.com.bd.>) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

ক্রঃ নং	পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	জেলা ভিত্তিক আবেদন
১.	কম্পিউটার অপারেটর টা: ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)	০৫ (পাঁচ) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	ফরিদপুর, টাঙ্গাইল, পিরোজপুর, ফেনী, ও খাগড়াছড়ি জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২.	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর টা: ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)	০৭ (সাত) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

আবেদনকারীদের জন্য প্রয়োজ্য/অনুসরণীয় শর্তাবলী:

- বয়সসীমা:** আবেদনকারীর বয়স পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের দিন অর্থাৎ ০১-০৯-২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ এবং অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পুত্র-কন্যাগণের ক্ষেত্রে বয়স ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- জাতীয়তা:**
 - ক) কেবল জন্মসূত্রে বাংলাদেশের প্রকৃত নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদনের যোগ্য।
 - খ) সরকারের পূর্বনুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।
 - গ) সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:**
 - ক) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যাদের পুত্র কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিলিপিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত দুই কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
 - খ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এর ২টি সত্যায়িত কপি। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের উপযুক্ত পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।
 - গ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর/রাষ্ট্রীয় জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এর সত্যায়িত কপি।
 - ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।
 - ঙ) তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।
 - চ) আনসার ও ডিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ছ) কোন প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক/সাক্ষাৎকার পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

- ৪। ৩ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য ও কাগজপত্রসহ অন্যান্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি মৌখিক/সাক্ষাৎকার পরীক্ষার সময় জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- ৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা/ পুত্র-কন্যাদের পুত্র কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ৬। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি-মোতাবেক সকল ধরনের কোটাপদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।
- ৭। কোন প্রার্থী প্রকৃত তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। লিখিত, ব্যবহারিক (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।
- ১০। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহার ও নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
- ১১। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

ক) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০১/০৯/২০২২ তারিখ সকাল ১০:০০টা।

খ) Online এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় : ৩০/০৯/২০২২ তারিখ বিকাল ৫:০০টা।

গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে হবে।

ঘ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঞ্জীন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কায়ক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

চ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি সহায়ক ডকুমেন্ট হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ছ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঞ্জীন ছবি নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২টি এসএমএস করে আবেদন ফি বাবদ উভয় পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online এ পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS : BMET < Space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : BMET & send to 16222

Reply Applicant's Name, TK.112/- will be charged as application fee. Your PIN is 12345678. To Pay Fee Type BMET Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS : BMET < Space> Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : BMET Yes12345678 & send to 16222

Reply : Congratulations Applicant's Name, Payment completed successfully for BMET, Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)

জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://bmet.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঞ্জীন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঞ) শুধুমাত্র Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে :

BMET < Space> Help<Space> User< Space> User ID & send to 16222

Example : BMET Help User ABCDEF send to 16222

ii. User ID ID জানা থাকলে :

BMET < Space> Help<Space> PIN< Space> PIN & send to 16222

Example : **BMET Help Pin 12345678 & send to 16222**

- ট) নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও বিএমইটি'র ওয়েবসাইটে (www.bmet.gov.bd) পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (<http://bmet.teletalk.com.bd>) ওয়েবসাইট হতে জানা যাবে।
- ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা (info@bmet.com.bd) ই-মেইল যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name : BMET, Post Name :***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।
- ড) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারণিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ১২। অনলাইনে পূরণকৃত বীর মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ডিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।
- ১৩। কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরী থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।
- ১৪। আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ Substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। Substantive ত্রুটির কারণে প্রার্থীতা বাতিল হবে।
- ১৫। স্থায়ী ঠিকানায় প্রার্থী কর্তৃক উল্লিখিত জেলার প্রার্থী হিসাবে প্রার্থীর পরীক্ষার ফলাফল নির্ধারণ করা হবে। আবেদনপত্র জমাধানের পর সজ্ঞাত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও আবেদনে উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।
- ১৬। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী বিএমইটি'র ওয়েবসাইটে (www.bmet.gov.bd) প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।
- ১৭। **ডিক্লারেশন :**
প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পরলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গৃহণ করা যাবে।

৩১.০৬.২০২২

(মোঃ জাকির হোসেন)

উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ও

সদস্য, বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি

ফোন-০২-৮৩০০২৬৪ (অফিস)

Email-directoradmin@bmet.org.bd